

স্নাতকোত্তর অন্ত্য সেমেষ্টার পরীক্ষা, ২০১৯

(বিতীয় বর্ষ, তৃতীয় সেমেষ্টার)

বিভাগ বাংলা

বাংলা উপন্যাস, পর্ব - ১

কোর্স পি.জি. - ৩.২

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. মবারক ও জেব-উল্লিসা আখ্যান রাজসিংহ উপন্যাসের প্রথম পাঠে
অনুপস্থিত। অথচ এই আখ্যানবৃত্তই উপন্যাসের চূড়ান্ত পাঠে মন
কেড়ে নিয়েছে পাঠকের। তথাকথিত এই ‘উপকাহিন’ উপন্যাসের
সঙ্গে কীভাবে জুড়ে আছে, কেন তা পাঠকের কাছে চিন্মার্জন মনে
হয় সে বিষয়ে তোমার ভাবনা স্পষ্ট করো।

১০

অথবা

২. ওরঙ্গজেব রাজসিংহ উপন্যাসে অধর্মের প্রতিনিধি। খোলাখুলি এ
কথা বক্ষিশ লিখেছেন ঠিকই, কিন্তু এই ‘অধর্মাচারী’কে ওপন্যাসিকের
শিল্পিমন একরৈখিক করে তোলেনি। চতুর্থ সংস্করণের ওরঙ্গজেব
বহুস্মরণীয় চরিত্র। তোমার উপন্যাস পাঠের অভিজ্ঞতায় এই মত কি
সমর্থনযোগ্য বলে মনে হয়? যুক্তিসহ লেখো।

১০

(Turn over)

(2)

৩. ত্রেলোক্যনাথ তাঁর ‘কঙ্কাবতী’ উপন্যাসে রূপকথা ও রূপকথাধর্মী
যে উপদানগুলি ব্যবহার করেছেন, আখ্যানে তাঁর অন্তর্বিষয়নের তাৎপর্য
আলোচনা করো।

১০

অথবা

৪. “ওগো লেখাপড়া শিখিয়া তুমি মদ্দা মেয়েমানুষ হওনি গো !
ওগো তুমি যে ধীর শাস্তি, লজ্জাশীলা পতিপরায়ণা গো ! ওগো তুমি যে
মেয়ে-জ্যাঠা নও গো !”
‘মেয়েমানুষ’ বিষয়ে এই ভিন্ন দুই বিশেষ ব্যবহারের কোনো বিশেষ
তাৎপর্য আছে বলে কি তুমি মনে করো ? কঙ্কাবতীর বিষয়ে ব্যাঙের
এই মূল্যায়নকে তুমি কীভাবে দেখতে চাও আলোচনা করো।

১০

৫. “এ তো দুঃসাধ্যসাধন নয়, এ যে অসাধ্যসাধন”।

– বক্তা কে ? কোন কাজকে এখানে ‘অসাধ্যসাধন’ বলা হয়েছে ? কেন
একথা বলা হল তা প্রসঙ্গ উল্লেখ করে বুবিয়ে দাও। এই বক্তব্য কি
সমর্থনযোগ্য – অঙ্গ কথায় নিজের মতামত জানাও।

১+১+৫+৩=১০

অথবা

৬. উপন্যাসের শেষ পর্যায়ে নিজের উপলক্ষ্মির কথা বলতে গিয়ে শচীশের
কথায় যেমন এসেছে গায়ক-শ্রোতা, রাগ-রাগিণীর প্রসঙ্গ তেমনি
শ্রীবিলাসও তাঁর প্রেম ও দাম্পত্যের কথা বলার সময় স্মরণ করেছে
গানের সুর বা বাঁশির তানের কথা। ‘চতুরঙ্গ’ উপন্যাসের
বিষয়ভাবনার ক্ষেত্রে এই সাংস্কৃতিক চিত্রকল্পের প্রয়োগ তুমি কীভাবে
ব্যাখ্যা করবে ?

৫+৫=১০

(3)

৭. “বদলায় না কেবল ‘পাকী আর রামায়ণ। এ দুটোর সঙ্গে যে
নাড়ি বাঁধা তার ! এগুলো চিরকাল একরকম।’” -- বক্তব্যটি
কার ? এই বক্তব্যের সঙ্গে কি তুমি সহমত ? যুক্তিসহ আলোচনা
করো।

২+৮=১০

অথবা

৮. সতীনাথের সচেতন উদ্দেশ্য যাই থাকুক না কেন একটি অপূর্ণ
বাংসল্যের নিতান্ত মানবিক কাহিনি হিসেবেও ‘টেঁড়াই চরিত
মানস’-এর আকর্ষণ কিছু কম নয়। মন্তব্যটি ব্যাখ্যা করো।

১০

— X —